মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ পালন

প্রতিদিন এক গ্লাস দুধ পান করুন, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করুন এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ ২০২১ পালিত হয়েছে। মঙ্গলবার সকালে মেহেরপুর প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্যোগে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মেহেরপুর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কৃষিবিদ মোঃ সাইদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভির রহমান।
ভেটেনারি সার্জারি সাকিবুল হাসানের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর সদর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ তৌহিদুল ইসলাম প্রমূখ। এর আগে মেহেরপুর প্রাণিসম্পদ অফিস থেকে র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। র্যালী পরবর্তীতে ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন মেহেরপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর রহমান।
এসময় বক্তারা বলেন, দুধ বা দুগ্ধজাত পণ্য সব বয়সী মানুষের জন্য স্বাস্থ্যকর হিসেবে স্বীকৃতি হওয়া সত্ত্বেও নিয়মিত দুধ পানে জনসাধারণের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। দুধে মানবদেহের জন্য প্রয়োজনীয় প্রচুর পরিমাণে শোষণযোগ্য ক্যালসিয়াম এবং আমিষ, শর্করা, ভিটামিন, খনিজ, চর্বি সহ অন্যান্য পুষ্টি উপাদান রয়েছে। বিশ্ব দুগ্ধ দিবস ও দুগ্ধ সপ্তাহ ২০২১ আয়োজন এর লক্ষ্য হচ্ছে দুধ ও দুগ্ধজাত পণ্য কে নিরাপদ পুষ্টির অন্যতম উৎস হিসেবে সকল মহলে জনপ্রিয় করা উৎপাদন বৃদ্ধিতে উৎসাহ প্রদান এবং ডেইরি শিল্পায়নকে সমৃদ্ধশালী করণ। দুধের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে চাহিদা পূরণ ও স্বয়ংসম্পূর্ণতা অর্জন, গ্রামীণ জনগোষ্ঠীর কর্মসংস্থান সৃষ্টি এবং দৈনন্দিন খাদ্য তালিকায় দুধকে নিয়মিতকরণের লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর ভাবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এসময় মেহেরপুর জেলা প্রাণিসম্পদ অফিসের সকল কর্মকর্তা কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালে নার্সের অবহেলায় নবজাতকের মৃত্যুর অভিযোগ

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নার্সের অবহেলায় এক নবজাতকের মৃত্যুর অভিযোগ উঠেছে। সোমবার রাত আটটার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তৃতীয় তলায় শিশু ওয়ার্ডে এ ঘটনা ঘটে। পরিবারের লোকজনের অভিযোগ নার্সদের অবহেলার কারণেই শিশুটির মৃত্যু হয়েছে। ঘটনার বিবরণে জানা গেছে, সোমবার বিকেল সড়ে চারটার দিকে মেহেরপুর মায়ের হাসি ক্লিনিকে বৃষ্টি ও হ্যাপি দম্পতির একটি পুত্র সন্তান জন্ম গ্রহণ করে।
নবজাতকটি অসুস্থ থাকায়, নবজাতক শিশু ও কিশোর বিশেষজ্ঞ ডাক্তার ওবায়দুল ইসলাম পলাশকে দেখানো হলে তিনি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করার পরামর্শ দেন। পরে বিকেল সাড়ে পাঁচটার দিকে হাসপাতালে ভর্তি করলে নবজাতকটি আরো বেশি অসুস্থ হয়ে পড়ে। এসময় ডিউটিরত নার্সদের কাছে গেলে বিষয়টি এড়িয়ে যান, এবং মোবাইলে মগ্ন হন। রাত আনুমানিক আটটার দিকে নবজাতকের মৃত্যু হয়।
নবজাতকের নানা মোঃ হাসান বলেন, আমরা নার্সের কাছে গেলে ওনারা বিষয়টি অবহেলা করে এবং ইন্টারনেটে মগ্ন ছিলেন, মোবাইল টিপায় ব্যস্ত ছিলেন। তিনি আরো বলেন, নার্সদের কাছে আকুতি মিনতি করলে তারা বলেন বাচ্চা কি শুধু আপনাদেরই হয়েছে আরো অনেক বাচ্চা আছে হাসপাতালে।
জানা গেছে এসময় নাজমিন নাহার ও জান্নাতুল নাঈম নামের দুজন নার্স ডিউটিরত ছিলেন। এ ঘটনায় হাসপাতালে উত্তেজনার সৃষ্টি হলে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে

হাত বাড়ালেই মরণনেশা!

মেহেরপুর শহরের বিভিন্ন এলাকায় চলছে হেরোইনের রমরমা ব্যবসা। হাত বাড়ালেই পাওয়া যাচ্ছে মরণনেশা হেরোইন। প্রশাসনের তৎপরতা না থাকায় বেপরোয়া হয়ে উঠেছে হেরোইন ব্যবসায়ীরা। পৌর শহরের বিভিন্ন এলাকায় হাত বাড়ালেই পাওয়া যাচ্ছে হেরোইন সেই সাথে বাড়ছে

বাজার এলাকায় হেরোইনের রমরমা ব্যবসা দিগুনহারে বেড়ে চলেছে।

এলাকাবাসী ও প্রত্যক্ষদর্শীরা বলেন, বর্তমানে যেভাবে হেরোইন ব্যবসায়ীরা তাদের ব্যবসা চালাচ্ছে এ কারণে আমরা আতংকিত। একে তো প্রশাসনের তৎপরতা নেই তাতে আবার সহজলভ্য ও হাতের নিকট হেরোইন পাওয়ার কারণে চোখের সামনেই অনেককে এই পথে যেতে দেখছি। ফেন্সিডিল ও গাঁজা ব্যবসায়ীরা যখন কোনঠাসা সেই সুযোগ কে কাজে লাগিয়ে হেরোইন ব্যবসায়ীরা হয়ে উঠেছে বেপরোয়া।

নাম প্রকাশে অনিচ্ছুক শহরের পুরাতন বাসষ্ট্যান্ড এলাকার একাধিক প্রত্যক্ষদর্শী বলেন, মমতাজের বাড়ির গোলিতে সকাল থেকে রাত পর্যন্ত হেরোইনসেবীদের ভিড় লেগেই থাকে। মহিলা সরাসরি এসেও হেরোইন পৌঁছে দেয়। মহিলা এখানে এসে এলাকার পরিবেশটা নষ্ট করে ফেলছে। ষ্ট্যান্ড সংলগ্ন এলাকা ও বাগানের ভিতরে বাড়ি হওয়াতে দেদারসে ব্যবসা চালিয়ে যাচ্ছে। আগে ছেলেপিলে এক আধটু গাঁজা-টাজা খেত কিন্তু এখন অধিকাংশ হেরোইন এ আসক্ত হয়ে পড়েছে। একসময় যারা এগুলো ঘৃণা করতো তারাও আসক্ত হয়ে যাচ্ছে।

আবার গলিতে হেরোইন কিনে বাগানে কোন ঘেরার ভেতর না হয় জুয়েলের বাড়িতে না হয় রাস্তার পাশে যে গাড়িগুলো থাকে তার ভিতরে চলে হেরোইন সেবনের কাজ। সকাল থেকে শুরু হয় চলে রাত প্রর্যন্ত। এসকল কর্মকাণ্ড দেখতে দেখতে আমাদেরই বিরক্তি ধরে গেছে।

এটার একটা ব্যবস্থা নেওয়া দরকার। পেপারে বা ফেসবুকে দেখি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও ডিবি পুলিশ শুধু গাংনীসহ বেশকিছু এলাকায় অভিযান চালিয়ে থাকে শহরের বুকের ওপর এভাবে হেরোইন ব্যবসা করছে তারা জানতে পারে না ? নাকি তলে তলে ভাগ খায় কে জানে। মহিলা আবার ডিবি পুলিশের ভয়ও দেখায়। তাহলে আপনারই বোঝেন কি চলছে। দয়াকরে বিষয়টি নিয়ে একটু লেখালেখি করেন।

মেহেরপুর জেলা মটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান বলেন, অনেক আগে শুনেছিলাম সে ফেন্সিডিলের ব্যবসা করে। তখন বিভিন্ন অভিযোগের কারণে তাকে নিষেধ করেছিলাম। হেরোইন বিক্রির বিষয়টি আমার জানা নেই। তবে হেরোইন বিক্রি একটা জঘন্যতম কাজ। যুবসমাজকে বাঁচাতে অবশ্যই আমার আমাদের দায়িত্ব থেকে বাঁধা সৃষ্টি করবো এবং সেইসাথে প্রশাসনের কাছে আমি অনুরোধ করবো অতিদ্রুত এবিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য।

মেহেরপুর পৌরসভার ৮নং ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুর কবির রিপন বলেন, যুবসমাজকে এই মরণনেশা থেকে বাঁচাতে অবশ্যই আমার আমাদের জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমি এ ব্যাপারে অনেক অভিযোগ পেয়েছি। বর্তমানে আমি অসুস্থ। আমি সুস্থ হয়ে উঠলেই সকলের সহযোগিতায় এর ব্যবস্থা গ্রহণ করবো। আমার ওয়ার্ডে কেউ মাদক ব্যবসা করতে পারবে না।

আলমডাঙ্গায় বর্নাঢ্য আয়োজনে বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

আলমডাঙ্গায় বর্নাঢ্য আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (অনুর্ধ্ব-১৭) জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার দিকে আলমডাঙ্গার হাই স্কুল ফুটবল মাঠে উপজেলার ১৫ টি ইউনিয়ন ও পৌরসভার ফুটবল টিম নিয়ে এ টুর্নামেন্টের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র আলহাজ্ব হাসান কাদির গনু।

অনুষ্ঠানে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার পুলক কুমার মন্ডলের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা সহকারী কমিশনার ভূমি হুমায়ন কবির, থানার ওসি তদন্ত মো: সেলিম, আলমডাঙ্গা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারন সম্পাদক জিহাদি জিলফিকার টুটুল, গাংনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু তাহের আবু প্রমুখ।

উদ্বোধনী খেলায় গাংনি ইউনিয়ন অনুর্ধ্ব-১৭ ফুটবল টিম ডাউকি অনুর্ধ্ব-১৭ ফুটবল টিমকে ৬-০ গেলে পরাজিত করে শুভ সুচনা করেছে। এ ছাড়াও দ্বিতীয় খেলায় চিৎলা ইউনিয়ন অনুর্ধ্ব-১৭ ফুটবল টিম ও আইলহাঁস ইউনিয়ন অনুর্ধ্ব-১৭ ফুটবল টিমের খেলা নির্ধারিত সময় ১-১ গোলে ড্র হলে ট্রাইবেকার অনুষ্ঠিত হয় ট্রাইব্রকারে চিৎলা ইউনিয়ন ৩-০ গোলে আইলহাঁস ইউনিয়নকে পরাজিত করেছে।

গাংনীর ভাটপাড়ায় নিজ অর্থে খেলোয়ারদের মাঝে জার্সি বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া ফুটবল মাঠের খেলোয়াড় দের মাঝে জার্সি বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার বিকেলে ভাটপাড়া গ্রামের আবদুর রশিদের ছেলে শাহজাহান আলীর নিজ অর্থায়নে ২৫ জন খেলোয়াড় দের মাঝে জার্সি বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন ফুটবল মাঠের প্রাক্তন ফুটবলার নওপাড়া নবীনপুর গ্রামের জাবের আলী বিশ্বাস,কালিগাংনী গ্রামের আক্কাস আলী, ভিটাপাড়া গ্রামের আব্দুর রহমান, ভাটপাড়া গ্রামের ইয়ারুল ইসলাম,আসাদুজ্জামান চৌধুরী,আকতারুজ্জামান,সাহারবাটি গ্রামের সুমন সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

এ সময় বক্তারা বলেন খেলাধুলা মানুষের মন ও শারীরিক বিকাশ ঘটায়। বর্তমানে অনলাইনের যুগে মোবাইলভিত্তিক খেলায় হারিয়ে যাচ্ছে গ্রামীণ খেলাধূলা। উৎসাহ না থাকায় উঠতি বয়সের যুবকরা ফুটবল খেলার মতো জনপ্রিয় খেলা হারিয়ে ফেলছে। নিজ অর্থায়নে স্থানীয় যুবক শাহাজানের জার্সি বিতরণ ফুটবল খেলার উৎসাহ যোগাবে।।

শাহাজান আলী বলেন একসময় ফুটবল খেলা জনপ্রিয় খেলা হিসেবে গ্রাম গঞ্জের বিভিন্ন খেলার মাঠ দর্শক পরিপূর্ণ থাকতো কানায় কানায়। বর্তমানে আমাদের এলাকায় ভালো খেলোয়াড় তৈরি হচ্ছে না। এলাকার যুব সমাজকে খেলায় উদ্বুদ্ধ করা এবং এখান থেকে ভালো খেলোয়াড় তৈরি করার উদ্দেশ্যেই খেলোয়াড়দের মাঝে জার্সি বিতরনের উদ্যোগ নেয়া হয়েছে। শুধু জার্সি বিতরণ এর মধ্যেই সীমাবদ্ধ নয় এলাকার যুব

সমাজকে মাদকমুক্ত ও মোবাইল গেমস এর আওতামুক্ত রাখতে নানা ধরনের পদক্ষেপ নেওয়ায় সহযোগিতা করা হবে। স্থানীয়রা জানায়, ভাটপাড়া গ্রামের শাহাজান আলী করোনাকালীন মুহূর্তে বিভিন্ন অসহায় অস্বচ্ছল পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করেছেন । অসহায় নিপীড়িত মানুষের পাশে থাতা শাহাজান আলী কে ধন্যবাদ জানিয়েছে এলাকাবাসী।

দামুড়হুদায় বিদ্যুৎস্পৃষ্টে এক কৃষক নিহত! আহত-১

দামুড়হুদায় ইব্রাহীমপুরে বিদ্যুৎস্পষ্টে ওল্টু মন্ডল (৪০) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার দুপুর ২ টার দিকে দামুড়হুদা উপজেলার ইব্রাহীমপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

এ সময় আহত হয়েছে তার ছেলে আকাশ আলী (৮)। নিহত ওল্টু মন্ডল ইব্রাহীমপুর গ্রামের মৃত দলু মন্ডলের ছেলে।

স্থানীয়রা জানান, ওল্টু মন্ডল টিনের ঘরে বসবাস করেন। কদিন থেকে বৃষ্টি হওয়ায় বিদ্যুতের তার নষ্ট হয়ে ঘর বিদ্যুতায়িত হয়। দুপুরে মাঠের কাজ শেষে বাড়ি ফেরেন ওল্টু মন্ডল ও তার ছেলে। ঘরে উঠার সময় টিনের দরজায় হাত দিলে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত হন তিনি। ছেলে আকাশ ঘরে উঠলে সেও বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আহত হয়। এ সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যায় ঘরে থাকা একটি ছাগল।

খবর পেয়ে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিস ও ডিফেন্সের সদস্যরা ঘটনাস্থল থেকে আহতদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায় সেখানে কর্তব্যরত চিকিৎসক ওল্টু মন্ডলকে মৃত ঘোষনা করেন। দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক বিষয়টি নিশ্চিত করেছেন।

দামুড়হুদায় করোনা ভাইরাস বিষয়ক উপজেলা কমিটির জরুরী সভা অনুষ্ঠিত

দামুড়হুদার উপজেলার সীমান্তবর্তী এলাকায় করোনা ভাইরাস সংক্রমণের আতঙ্ক, বাড়ছে মৃত্যুহার এলাকাগুলোত ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ। স্বাস্থবিধি মানার বালাই নেই। এক সপ্তাহের ব্যবধানে চারজনের মৃত্যু হয়েছে। আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল। উপজেলার সীমান্তবর্তী মুন্সিপুর, কুতুবপুর, কুড়লগাছি, কার্পাসডাঙ্গা, ঝাঝাডাঙ্গা, নাস্তিপুর, বলদিয়াসহ বিভিন্ন গ্রামের মানুষের মধ্যে করোনা উপসর্গ দেখা দিয়েছে বেশি। তবে উপসর্গ দেখা দিলেও পরীক্ষা করাতে নারাজ তারা। বর্তমানে আক্রান্ত ৩৬ জন বিভিন্ন স্থানে চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে ভারত থেকে আসা ১১ জনের মধ্যে দামুড়হুদা উপজেলার সাতজন।

এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না বাড়ে সে বিষয়ে করণীয় নিয়ে উপজেলা কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা ১১ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদিপ্ত কমার সিংহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন।

সভায় এসময় উপস্থিত অতিথিরা সীমান্ত দিয়ে চোরাই পথে যেন কেউ আসা- যাওয়া করতে না পারে সে বিষয়ে বিজিবি, পুলিশসহ ইউপি চেয়ারম্যানসহ সকলকে সজাগ দৃষ্টি রাখার আহ্বান জানানো হয়। সেই সাথে যারা উপসর্গ নিয়ে ভুগছেন তাদের এলাকায় বা মহল্লা গিয়ে নমুনা সংগ্রহ করে ল্যাবে পাঠানোসহ স্ব স্ব ইউপি চেয়ারম্যানকে স্বেচ্ছাসেবক দল গঠন করে সর্বক্ষণিক তদারকির আহ্বান জানানো হয়।
করোনা আক্রান্ত ব্যক্তির শতভাগ হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে। হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তি ও তার পরিবারকে খাদ্য, ঔষধসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী তার বাড়ীতে পৌঁছে দেওয়ার ব্যবস্হা করা হবে।

উপজেলা পরিষদ এবং স্বাস্হ্য বিভাগের সমন্বয়ে চিৎলা হাসপাতালে ৩৪ শয্যা বিশিষ্ট প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের সুব্যবস্থা করা হয়েছে। কোন করোনা আক্রান্ত ব্যক্তি যদি সঠিকভাবে হোম কোয়ারেন্টাইন পালন না করেন তবে তাকে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন পালনে বাধ্য করা হবে।

সভায় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপির চেয়ারম্যন খলিলুর রহমান ভুট্টু, পারকৃষ্ণপুর-মদনা ইউপি চেয়ারম্যন এস এম জাকারিয়া আলম, কুড়ুলগাছি ইউপি চেয়াম্যান শাহ এনামুল করিম ইনু, নতিপোতা ইউপির চেয়ারম্যান ইয়ামিন আলি, দামুড়হুদা সদর ইউপির চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন ও হাউলি ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন ও বিভিন্ন ইউপির গ্রামপুলিশগণ।

চুয়াডাঙ্গায় গলায় ফাঁস লাগিয়ে নববধুর আত্মহত্যা

চুয়াডাঙ্গা সদরের পৌর এলাকার নুরনগর কলোনীপাড়ার কলীম উদ্দিন কলোর মেয়ে অন্তরা খাতুন (১৮)শ্বশুর বাড়ির লোকজনের শারীরিক নির্যাতন ও কটুকথা সহ্য করতে না পেরে বিয়ের ১০ দিনের মাথায় আত্মহত্যার পথ বেছে নিয়েছে নববধু অন্তরা খাতুন।

সোমবার বেলা সাড়ে ১১ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে।মৃত অন্তরা খাতুনের বাবা ও এলাকাবাসী বলেন, প্রতিবেশী আশার ছেলে শাহ আলমের সাথে অন্তরা খাতুনের প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। গত ২২ মে শাহ আলমের বাড়িতে অন্তরার সাথে দুজন একই ঘরে অবস্থান। এলাকার লোকজন বিষয়টি টের পেয়ে আপত্তিকর অবস্থায় তাদেরকে আটক করে। পরে এলাকাবাসী ওইদিনই কাজী ডেকে ৯০ হাজার টাকা দেনমোহরে তাদের বিয়ে দিয়ে দেয়। বিয়ের পর বিষয়টি মেনে না নিয়ে শাহ্ আলমের পরিবারের লোকজন অন্তরা খাতুনকে শারিরীক ও মানসিকভাবে নির্যাতন করতে থাকে। এরই একপর্যায়ে আজ সকাল ১০ টার দিকে অন্তরা খাতুন তার বাবার বাড়িতে যায়। সকাল সাড়ে ১০ টার দিকে অন্তরা খাতুন তার বাবার বাড়িতে যায়। সকাল সাড়ে

১০ টার দিকে অন্তরা খাতুনকে ঘরের সিলিং ফ্যানের সাথে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করে তার বাবার বাড়ির লোকজন। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বেলা সাড়ে ১১ টার দিকে মারা যায় অন্তরা খাতুন।

চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু জিহাদ ফখরুল আলম খান জানান, বিয়ের কয়েক দিনের মাথায় একটা মেয়ের আত্মহত্যাকে রহস্য মনে হচ্ছে। সে কারনে লাশের ময়নাতদন্ত করা হচ্ছে।তিনি আরো জানান, ময়নাতদন্ত রিপোর্ট আশা না পাওয়া পর্যন্ত আমরা কিছু বলতে পারছিনা ময়নাতদন্ত শেষে বলা যাবে ভিকটিমের দেহে কোন প্রকার শারীরিক নির্যাতনের চিহ্ন আছে কি না। সেই সাথে রহস্য উদঘাটনে পুলিশ কাজ করে যাচ্ছেন।

ক্ষতিগ্রস্থ কৃষকদের ন্যায্য ক্ষতিপূরণ না দিলে বৃহত্তর কর্মসূচির ঘোষণা

দিনাজপুরের ফুলবাড়ীর পার্শ্ববর্তী পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নের দক্ষিণ পলাশবাড়ি গ্রামে সোমবার (৩১ মে) ইটভাটার বিষাক্ত ধোয়ায় ফসলের ক্ষতি হওয়ায় মানববন্ধন কর্মসূচি পালন করেছে ক্ষতিগ্রস্ত কৃষকরা ।

মানববন্ধন চলাকালে জুনের মধ্যে ক্ষতিগ্রস্থ কৃষকদের ন্যায্য ক্ষতিপূরণ না দেওয়া হলে, বৃহত্তর কর্মসূচি গ্রহণের ঘোষণা দিয়েছেন সংগ্রাম পরিষদের আহবায়ক আজিজুর রহমান। বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পার্বতীপুর উপজেলার হামিদপুর ইউনিয়নের দক্ষিণ পলাশবাড়ি ভাটারমোড় নামক এলাকায় ঘণ্টাব্যাপী মানববন্ধন কর্মসূচি পালন করেন ক্ষতিগ্রস্ত কৃষকরা।

ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের আহবায়ক আজিজুর রহমানের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বাংলাদেশের ইউনাইটেড কমিউনিস্ট লীগের কেন্দ্রীয় কমিটির সাধারণ

সম্পাদক মোশাররফ হোসেন নান্নু, দিনাজপুর শাখার সাধারণ সম্পাদক আনোয়ার আলী সরকার, দিনাজপুর শাখা বাংলাদেশ কৃষক খেত মজুর সমিতির সভাপতি আখতার আজিজ, সাংগঠনিক সম্পাদক ও ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের উপদেষ্টা সঞ্জিত প্রসাদ জিতু, নীলফামারী শাখা বাংলাদেশ কৃষক খেত মজুর সমিতির নেতা শফিকুল আলম, ইটভাটার বিষাক্ত গ্যাসে ক্ষতিগ্রস্ত কৃষক সংগ্রাম পরিষদের সদস্য সচিব মাসুদ রানা, সংগ্রাম পরিষদের সদস্য ইঞ্জিনিয়ার জয়নাল আবেদীন, সংগ্রাম পরিষদের সদস্য ফাত্তানুর, এরশাদ, নাজমা বেগম, আফরাজুল রহমান আপন, মনিরুজ্জামান মনির প্রমুখ।

বক্তরা বলেন, এক ইউনিয়নে ১৯ ইটভাটার কারণে ৩০০ একর জমির আম ও ধানসহ ৩০ প্রকার ফসল নষ্ট হয়ে গেছে। এর প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা রবাবর গত ২৩ মে ৩০০ কৃষকের স্বাক্ষরিত স্মারকলিপি পেশ করা হয়। কিন্তু প্রশাসন শুধুই আশ্বাস-ই দিয়েছেন। কোন প্রকার ব্যবস্থাগ্রহণ করেন’নি। তারা আরো বলেন, এই ইটভাটার কারণে দিনদিন কৃষকরা নিঃস্ব হয়ে আসছে। ইটভাটার বিষাক্ত ধোয়ার কারণে বিভিন্ন ফসলের ক্ষয়ক্ষতিসহ শারীরিক সমস্যা দেখা দিচ্ছে। আমাগীতে যেনো এধরণের সমস্যার মুখে না পড়তে হয়, সেজন্য সরকারের কাছে অবৈধ ইটভাটাগুলো বন্ধের জন্য দাবি জানাচ্ছি।

পার্বতীপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নাসিদ কায়সার রিয়াদ বলেন, প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণে উর্ধ্বতন কর্মকর্তাকে জানানো হয়েছে। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করা হবে।

দামুড়হুদা ভ্রাম্যমাণ আদালতের অভিযান জরিমানা আদায়

দামুড়হুদা উপজেলার নাটুদাহ ইউনিয়নে ৪ টি বেকারীতে জরিমানা আদায় করা হয়েছে বিভিন্ন জায়গায় স্বাস্হ্য বিধি অনুসারে মাক্স রিধান না করা,স্বাস্থ্যবিধি না মানা, চায়ের দোকানে আড্ডা দেওয়া সহ বিভিন্ন অপরাধে এসকল ক্ষেত্রে বিভিন্ন জনকে ৭ টি মামলায় ৭৮০০ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত। গতকাল রবিবার বিকালে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার সুদীপ